# এনডিপি-প্রবীন কল্যাণ কর্মসূচি-রুপরেখা

**১ম সংস্করণ**

জুলাই ২০১৮ থেকে কার্যকরী

**ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি**

এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ।

ফোনঃ ০৭৫১-৬৩৮৭০-৭১; ফ্যাক্সঃ ০৭৫১-৩৮৭৭

ই-মেইলঃ akhan_ndp@yahoo.com

ওয়েবঃ www.ndpbd.org

১ ১

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

## প্রধান কার্যালয়

এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

## কর্মসূচি রুপরেখা (Programme Design)

### এনডিপি-প্রবীণ কল্যান কর্মসূচি (Elderly People Welfare Programme-EPWP)

১. ভূমিকা ঃ

বাংলাদেশ পৃথিবীর অন্যতম প্রাকৃতিক দূর্যোগ প্রবণ একটি দেশ। দূর্যোগ আমাদের এগিয়ে যাওয়ার পথে বড় অন্তরায়। প্রতি বছরই বাংলাদেশকে বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলা করতে হয়। প্রাকৃতিক দূর্যোগসমুহের মধ্যে বন্যা, খরা, শৈত প্রবাহ, নদী ভাঙ্গন, ঘূর্ণীঝড়, শিলাবৃষ্টি, জলোচ্ছাস, অতিবৃষ্টি, অনাবৃষ্টি অন্যতম। বাংলাদেশের উত্তরাঞ্চল, উত্তর-মধ্যমাঞ্চল তথা সিরাজগঞ্জ জেলা ও এর পাশ্ববর্তী জেলাসমুহ যেমন পাবনা, নাটোর, বগুড়া, জামালপুর, টাঙ্গাইল, মানিকগঞ্জ ইত্যাদি যমুনা-পদ্মা অববাহিকায় অবস্থিত হওয়ায় এই সকল জেলা সমুহ বর্ণীত প্রাকৃতিক দূর্যোগে সমানভাবে বিপদাপন্ন। প্রতি বছরই আমাদের এই সমস্ত দূর্যোগ মোকাবেলা করতে হয়। ১৯৮৮ সালের স্মরণকালের ভয়াবহ বন্যা এবং পরবর্তী ১৯৯০ সালের বড় বন্যায় দেশের অন্যান্য এলাকার মত উত্তর জনপদ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়। তৎকালিন সময়ে দেশি-বিদেশি বিভিন্ন সংস্থা বন্যাকালিন ও বন্যা পরবর্তী বিভিন্ন ধরণের ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করে দূর্গত মানুষের দূর্দশা লাঘবের চেষ্টা করে। এনডিপির প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক জনাব মোঃ আলাউদ্দীন খান সেইসময় দেশি-বিদেশি বিভিন্ন সংস্থার সাথে থেকে এলাকার দূর্গত মানুষের পাশে দাঁড়িয়েছিলেন। সেই সময়গুলিতে ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে অংশগ্রহণ করে দর্গত মানুষের দূর্গতি অনুধাবন করে তাঁর মনে হয়েছে এই ধরণের ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম দুঃস্থ মানুষের সীমাহীন সমস্যার ক্ষণস্থায়ী সমাধান হলেও এটা কখনই টেকসই কোন পদ্ধতি নয় এবং কার্যত এই প্রক্রিয়ায় কখনই মানুষ দুর্দশা থেকে মুক্তি পাবেনা। তিনি অনুধাবন করলেন একটি সাংগঠনিক প্রক্রিয়ার যে প্রক্রিয়ায় দুঃস্থ মানুষের পাশে দাঁড়ানো যাবে তাৎক্ষনিক দুর্দশা লাঘবে এবং নিরবচ্ছিন্নভাবে কাজ করা যাবে ক্ষতিগ্রস্থ, শোষিত, বঞ্চিত, প্রান্তজনকে উন্নয়নের মূল ধারায় নিয়ে এসে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ ও সমাজ বিনির্মানে, যেখানে সমাজের প্রতিটি মানুষ অধিষ্ঠিত হবে মানবিক মর্যাদায়। এরই ধারাবাহিকতায় ১৯৯২ সালের ১লা জানুয়ারী প্রতিষ্ঠিত হয় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি একটি স্বেচ্ছাসেবী, অরাজনৈতিক, অমুনাফাভোগী, বেসরকারী উন্নয়ন সংস্থা যা ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ ও সমাজ বিনির্মানে শোষিত বঞ্চিত প্রান্তজনকে উন্নয়নের মূল ধারায় নিয়ে আসতে অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে। মানুষের মৌলিক অধিকার তথা খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা ইত্যাদি ক্ষেত্রে মানুষকে মর্যাদাপুর্ণভাবে প্রতিষ্ঠিতি করার লক্ষ্যে এনডিপি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এনডিপি'র কর্মএলাকা বর্তমানে সিরাজগঞ্জ, নাটোর, পাবনা, বগুড়া, টাঙ্গাইল ও জামালপুর জেলায় বিস্তৃত। এনডিপি দীর্ঘ দুই দশকেরও বেশি সময় ধরে দুঃস্থ অসহায়, নিপিড়িত ও সুবিধাবঞ্চিত মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করতে যেয়ে গভীরভাবে অনুধাবন করেছে যে বর্তমান সময়ে প্রবীন জনগোষ্ঠি অবহেলা ও নিপীড়নের স্বীকার হচ্ছে ব্যাপকভাবে। বাংলাদেশের প্রবীণ ব্যক্তিদের প্রধান সমস্যাবলীর মধ্যে স্বাস্থ্যগত সমস্যা ও অর্থনৈতিক অসচ্ছলতা অন্যতম। আমাদের সংস্কৃতির প্রেক্ষাপটে পরিবার হলো একটি প্রাচীন প্রতিষ্ঠান। অতীতে প্রবীণেরা যৌথ পরিবারে সকলের নিকট হতে সেবা এবং সহায়তা পেতেন এবং এভাবেই তাদের প্রবীণ সময় কেটে যেত। পরিবার এবং সমাজে প্রবীণদের প্রতি শ্রদ্ধা সম্মান প্রদর্শনসহ তাদের বেশি যত্ন নেয়ার একটি বিশেষ মূল্যবোধ এবং সংস্কৃতির চর্চা ছিল। কিন্তু বর্তমানে সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক নানা পরিবর্তনের ফলে যৌথ পরিবারগুলো ভেঙ্গে যাচ্ছে। প্রবীনেরা হারাচ্ছে তাদের প্রতি সহানুভূতি, বাড়ছে অবহেলা আর তারা শিকার হচ্ছে বঞ্চনার। সামাজিক মূল্যবোধের অবক্ষয়ের ধারায় দেখা যাচ্ছে প্রবীনেরা প্রথমত; নিজ পরিবারেই তাদের ক্ষমতা ও সম্মান হারাচ্ছেন এবং ধীরে ধীরে সমাজের সকল কর্মকান্ড থেকে বাদ পড়ছেন। বিশেষ করে তৃণমূল পর্যায়ে প্রবীণদের বার্ধক্যজনিত সমস্যা আর অন্যদিকে চরম আর্থিক দীনতার মধ্যে থাকার কারণে তারা পরিবার থেকে শুরু করে সমাজের প্রায় প্রতিটি ক্ষেত্রেই সকল ধরণের সেবা পাবার সুযোগ হতে বঞ্চিত। ফলে প্রবীণ এই জনগোষ্ঠি প্রতিনিয়ত বিভিন্ন ধরণের সামাজিক নিরাপত্তা ঝুঁকির মুখোমুখি হচ্ছে যা আগামীতে একটি জাতীয় সমস্যা হিসাবে দেখা



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP

Chairperson
National Development Programme-NDP

দিতে পারে। সমাজের বিপুল এই জনগোষ্ঠিকে কোনভাবেই উপেক্ষা করার উপায় নাই। তাই বর্তমানে প্রবীণ উন্নয়নের বিষয়টি জাতীয় ও আন্তর্জাতিকভাবে বেশ গুরুত্বপূর্ণ ইস্যু হয়ে দাঁড়িয়েছে।

এই অবস্থার প্রেক্ষিতে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি সামাজিক দায়বদ্ধতার অংশ হিসাবে নিজস্ব অর্থ ব্যবহার করে সিরাজগঞ্জ জেলার, সিরাজগঞ্জ পৌরসভা এলায়কায় প্রবীণদের মর্যাদাপূর্ণ, দারিদ্র্যমুক্ত, কর্মময়, সুস্বাস্থ্য ও নিরাপদ সামাজিক জীবন নিশ্চিৎ করার লক্ষ্যে পরীক্ষামূলকভাবে "প্রবীণ কল্যাণ কর্মসূচি (Elderly People Welfare Programme-EWP" নামে একটি কর্মসূচি গ্রহণ করে।

২. **কর্মসূচির নাম ঃ** প্রবীণ কল্যাণ কর্মসূচি (Elderly People Welfare Programme-EWP)

৩. **কর্মসূচির লক্ষ্য ঃ** প্রবীণদের মর্যাদাপূর্ণ, দারিদ্র্যমুক্ত, কর্মময়, সুস্বাস্থ্য ও নিরাপদ সামাজিক জীবন নিশ্চিৎ করা।

৪. **কর্মসূচির উদ্দেশ্য ঃ**

৪.১ প্রবীণদের অধিকার এবং প্রাপ্য মর্যাদা সম্পর্কে সমাজের জ্যেষ্ঠ নাগরীক, তাদের পরিবারবর্গসহ সমাজের সর্বস্তরের মানুষকে সচেতন ও সংবেদনশীল করা।
৪.২ প্রবীণদের জন্য বিদ্যমান সেবাক্ষেত্র সমুহ চিহ্নিত করে তথ্য প্রদান।
৪.৩ সমমনা প্রতিষ্ঠান সমুহের মধ্যে সমন্বয় সাধ্যনের মাধ্যমে জোট গঠন।
৪.৪ প্রবীণদের অধিকার প্রতিষ্ঠায় এ্যাডভোকেসীসহ সমাজের বিভিন্ন স্তরের মানুষকে সম্পৃক্তকরণ।
৪.৫ প্রবীণদের বিভিন্ন ধরণের সেবা সহায়তা প্রদানের মাধ্যমে সার্বিক কল্যাণ সাধন।
৪.৬ প্রবীণদের সাংগঠনিক কাঠামোর আওতায় নিয়ে আসা অর্থাৎ প্রবীণ দল গঠন করা।

৫. **কর্মকৌশল ঃ**

- প্রবীণ সামাজিক কেন্দ্র স্থাপন।
- সামাজিক কেন্দ্রে অবসর সময় যাপনের জন্য পত্রিকা পড়া, খেলাধুলা করা, টেলিভিশন দেখা, আলোচনা করা ইত্যাদির ব্যবস্থা করা।
- প্রবীণ ব্যক্তিদের অধিকার, উন্নয়ন এবং কল্যানের জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নের কার্যকর উদ্দ্যোগ গ্রহণ।
- প্রবীণ ব্যক্তিদের অবহেলা ও নিপীড়নের হাত থেকে রক্ষা করার উদ্দ্যোগ গ্রহণ।
- সাংগঠনিক দক্ষতাসম্পন্ন ব্যক্তিত্ব নির্বাচন, নেতৃত্বের বিকাশ ঘটানো ও সাংগঠনিক কাঠামোর মাধ্যমে প্রবীণ সেবা নিশ্চিৎ করণ।

৬. **কর্ম এলাকা ঃ** সিরাজগঞ্জ পৌরসভা এলাকা, সিরাজগঞ্জ সদর উপজেলা, জেলা সিরাজগঞ্জ।

৭. **লক্ষিত জনগোষ্ঠি ঃ**

- সিরাজগঞ্জ পৌরসভা এলাকার নারী, পুরুষ, দল, মত, ধর্ম, বর্ণ নির্বিশেষে ৬৫ বছর বয়সোর্ধ সকল প্রবীণ ব্যক্তি।

৮. **কর্মসূচি বাস্তবায়নকাল ঃ**

এই কর্মসূচি জানুয়ারী ০১, ২০১৬ ইং সাল থেকে বাস্তবায়িত হয়ে আসছে। শুরু (২০১৬ সাল) থেকে জুন ৩০, ২০১৭ পর্যন্ত সময়কে একটি অধ্যায় বা ধাপ বিবেচনা করে ৩০.০৬.২০১৭ তারিখে প্রথম ধাপের কাজ সমাপ্ত করে জুলাই ০১, ২০১৭ ইং তারিখ থেকে পরবর্তী ৩ বছরের জন্য এই কর্মসূচি প্রনয়ন করা হলো।



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP

Chairperson
National Development Programme-NDP

৯. কার্যক্রম ঃ

প্রবীণ কল্যাণ কর্মসূচির কার্যক্রমগুলি হবে নিম্নরুপ ঃ

৯.১ প্রয়োজনীয় জনবল নিয়োগ। যেহেতু চলমান কর্মসূচি সেহেতু যাঁরা আগে থেকে কাজ করছেন তাঁরাই ধারাবাহিক কাজে নিয়োজিত থাকবেন। যদি কোন কারনে পদ শুন্য হয় তবে শুন্যপদে লোক নিয়োগ করা হবে।

৯.২ কর্মী প্রশিক্ষণ;

৯.৩ প্রশিক্ষণ/ওরিয়েন্টেশন;

৯.৪ প্রবীণ জনগোষ্ঠী জরিপ;

৯.৫ প্রবীণ ব্যাক্তিদের জন্য সামাজিক কেন্দ্র স্থাপন;

৯.৬ চিত্ত বিনোদনে খেলা ধুলার আয়োজন করা;

৯.৭ আন্তর্জাতিক প্রবীণ দিবস উৎযাপন;

৯.৮ প্রাথমিক স্বাস্থ্যসেবা, কাউন্সেলিং ও ফিজিওথেরাপী ;

৯.৯ সচেতনতা অভিযান;

৯.১০ বিশেষ ঋণ সূবিধা প্রদান;

৯.১১ বিশেষ স্বাস্থ্য ক্যাম্প (বিশেষ চক্ষু ক্যাম্প ও বিশেষায়িত ডাক্তার দ্বারা নাক, কান, গলা, হৃদরোগ, ডায়েবেটিস, চর্ম-যৌন ইত্যাদি রোগের)

৯.১২ বিনামূল্যে ঔষধ বিতরণ

৯.১৩ প্রবীণ ভাতা, বিশেষ সঞ্চয় ও পেনশন স্কীম কার্যক্রম;

৯.১৪ বিদ্যমান সেবাক্ষেত্রসমুহে সেবাপ্রদানকারীদের সাথে সংযোগ স্থাপন করিয়ে দেয়া;

৯.১৫ প্রতিষ্ঠান সমুহের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে জোট গঠন;

৯.১৬ প্রবীণ ব্যাক্তিদের দক্ষতা বৃদ্ধি/আয়-বৃদ্ধিমূলক প্রশিক্ষণ;

৯.১৭ প্রবীণদের সম্মাননা প্রদান;

৯.১৮ অসচ্ছল প্রবীণ ব্যাক্তিদের জন্য বিশেষ সহায়তা প্রদান যেমন-মৃতের সৎকার, হুইল চেয়ার, ছাতা, লাঠি, কম্বল ইত্যাদি প্রদান;

৯.১৯ মিটিং/সমাবেশ;

৯.২০ মনিটরিং সুপারভিশন।

১০. কর্মসূচির জনবল ঃ

- কর্মসূচি সমন্বয়কারী-০১ জন, কমিউনিটি মবিলাইজার-০১ জন, আয়া-০১ জন।

১১. ফলাফল ঃ

১১.০১ প্রবীণ ব্যক্তিগণ সংগঠিত হবেন;

১১.০২ প্রবীণ জনগোষ্ঠিসহ সংশ্লিষ্ট সকল পক্ষ প্রবীণদের বিষয়ে সচেতন ও সংবেদনশীল হবে;

১১.০৩ প্রবীণ ব্যক্তিদের স্বাস্থ্য ও পুষ্ঠি সেবা সহজীকরণ হবে;

১১.০৪ সংশ্লিষ্ট সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানগুলো যথাযথ প্রবীণ সেবা নিশ্চিৎকরণে উদ্বুদ্ধ হবে;

১১.০৫ শারীরিকভাবে সক্ষম প্রবীণ ব্যাক্তিদের বিকল্প আইজিএ বিষয়ে দক্ষতা বৃদ্ধি পাবে এবং তারা আইজিএ বাস্তবায়ন করবেন;

১১.০৬ অস্বচ্ছল প্রবীণ ব্যক্তিগণ প্রয়োজনীয় উপকরণ পাবেন ফলে তাঁদের চলাফেরা তথা জীবন ধারণ সহায়ক হবে;

১১.০৭ প্রবীণ কল্যান কেন্দ্রে প্রবীণ ব্যক্তিদের সময় যাপন সহজতর হবে;

১১.০৮ প্রবীণ জনগোষ্ঠির প্রতি অবহেলা ও নিপীড়ন হ্রাস পাবে;

১১.০৯ পারিবারিক পর্যায়ে প্রবীণদের গ্রহণযোগ্যতা ও মর্যাদা বৃদ্ধি পাবে।



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP

Chairperson
National Development Programme-NDP

ne-NDP

**১২. নির্ধারিত বাজেট ও তহবিলের উৎস ঃ**

২০১৭-২০১৮ অর্থ-বছরের জন্য নির্ধারিত বাজেট = ৭,৮৬,৫০০.০০ (সাত লক্ষ ছিয়াশি হাজার পাঁচশত) টাকা মাত্র। ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থ-বছরের জন্য সংশ্লিষ্ট বছরের শুরুতে বাজেট বরাদ্দ করা হবে। ২০১৭-২০১৮ অর্থ-বছরের বিস্তারিত বাজেট বিবরণী সংযুক্তি-০১ এ দেখানো হলো।

**১৩. মনিটরিং ও সুপারভিশন ঃ**

কর্মসূচি সংশ্লিস্ট কর্মকর্তাগণ নিয়মিতভাবে কার্যক্রম পরিদর্শন করবেন, পর্যবেক্ষনে প্রাপ্ত অসঙ্গতিসমুহ দূরিকরণে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিবেন ও নিয়মিত ফলোআপ করবেন। ফোকাল পয়েন্ট মাঝে মাঝে কর্মসূচি পরিদর্শন করে কর্মসূচির গুনগত মান বজায় রাখার জন্য যথাযথ দিক নির্দেশনা দিবেন। প্রধান কার্যালয়ের অন্যান্য কর্মকর্তা যেমন পরিচালক (কর্মসূচি), নির্বাহী পরিচালক মাঝে মাঝে কর্মসূচির কার্যক্রম পরিদর্শন করবেন ও যথাযথ মান অর্জনে দিকনির্দেশনা দিবেন।

**১৪. প্রতিবেদন প্রনয়ন, নিরীক্ষণ ও মূল্যায়ন ঃ**

কর্মসূচির মাসিক প্রতিবেদন প্রনয়ন করা হবে। প্রধান কার্যালয় মনিটরিং বিভাগ পরিকল্পনা মোতাবেক কর্মসূচি মনিটরিং করবে এবং নিরীক্ষা বিভাগ কর্তৃক কর্মসূচির কার্যক্রম নিয়মিত নিরীক্ষা করা হবে। প্রতি বছর কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা ও মূল্যায়ন করা হবে।

===০===



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP

Chairperson
National Development Programme-NDP